



৩ জানুয়ারী ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

নির্বাচনে ভোট প্রদানের ঘটনার জেরে নোয়াখালীর সুবর্ণচর উপজেলার গৃহবধূকে ঘর থেকে তুলে নিয়ে ধর্ষণ এর ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছে এবং ঘটনার কার্যকর সুষ্ঠু তদন্তসহ দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে ব্লাস্ট

নির্বাচনে ভোট প্রদানের ঘটনার জেরে নোয়াখালীর সুবর্ণচর উপজেলার এক গৃহবধূকে ঘর থেকে তুলে নিয়ে ধর্ষণ ও পরবর্তী ছবি প্রকাশ করার ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছে এবং ঘটনার কার্যকর সুষ্ঠু তদন্তসহ দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

সাম্প্রতিক সময়ে বিভিন্ন পত্র পত্রিকায় ও সংবাদ মাধ্যমে প্রত্যাশিত সংবাদ হতে জানা যায় যে, বিগত ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ রোববার সকালে সুবর্ণচর উপজেলার চরজুবিলী ইউনিয়নের মধ্যবাগ্যা গ্রামের এক গৃহবধূ এলাকায় পাঞ্জার বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট দিতে যান। এ সময় কেন্দ্রে থাকা একটি রাজনৈতিক দলীয় সমর্থক তাকে তাদের পছন্দের প্রতীকে ভোট দিতে বলেন। তিনি তাতে রাজী না হলে যুবকেরা তাকে দেখে নেওয়ার হুমকী দেন ও বাগবিতণ্ডা হয়। তারই জের ধরে ওইদিন রাতে ১০-১২ জন যুবক ঘরে ঢুকে প্রথমে স্বামী-স্ত্রীকে মারধর করেন এবং স্বামী ও সন্তানদের বেধে রেখে ওই নারীকে ঘরের বাইরে এনে ধর্ষণ করেন। বর্তমানে তিনি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। ঘটনা পরবর্তীতে অনলাইন নিউজ পোর্টালসহ বিভিন্ন প্রচারমাধ্যমে বিভিন্ন ছবিসহ খবরটি প্রচারিত হবার পর এ বিষয়ে বিভিন্ন মহলে প্রতিবাদের ঝড় উঠে।

এভাবে কোনো নারীকে ধর্ষণ, গুরুতর জখম, লাঞ্ছনা করা তার মর্যাদা, সম্মানহানি ও সাংবিধানিক অধিকারের লংঘন এবং নারী ও শিশু নির্যাতন দমন আইনসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। ব্লাস্ট এই ধর্ষণ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে, ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি ব্লাস্ট ভিকটিমের মানহানিকর ছবি এবং পরিচয় প্রকাশ থেকে সকল সংবাদ ও যোগাযোগ মাধ্যমের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে বিরত থাকার জন্য অনুরোধ জানাচ্ছে এবং এ ধরনের কার্যক্রম বন্ধে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে। ব্লাস্ট ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে বাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিরাপত্তা নিশ্চিত করা, সঠিক মনিটরিং করা, জনমত গঠন এবং বিদ্যমান আইনের বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক: মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd